

**বাধ্যতামূলক
ছুটি দেয়া চাষি
শিক্ষক রিট
করবেন আজ**

জনকণ্ঠ রিপোর্ট ॥
প্রধানমন্ত্রী সম্পর্কে
কটুক্তি করার অভিযোগে
বিশ্ববিদ্যালয় থেকে
বাধ্যতামূলক ছুটিপ্রাপ্ত
আইন বিভাগের প্রভাষক
শফিকুর রহমান আদালতের
শরণাপন্ন হচ্ছেন। তাঁকে
কেন বাধ্যতামূলক ছুটি
দেয়া হলো এই মর্মে
তিনি আজ শনিবার
হাইকোর্টে রিট করবেন
বলে জানিয়েছেন।
অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের
তদন্ত কমিটির কাজও
এগিয়ে চলেছে।
জানা গেছে গত ৩১
ডিসেম্বর দ্বিতীয় বর্ষের
একটি ক্লাসে রোমান
আইনের দাসত্বের কারণ
পড়াতে গিয়ে শফিকুর
রহমান বলেন, মুক্তিযুদ্ধের
(৭- পৃষ্ঠা ৫-এর কাঁ পেছন)

বাধ্যতামূলক ছুটি (৮-এর পরের পর)

সময় আনাদের প্রধানমন্ত্রী পাক
হানাদার বাহিনীর হাতে বন্দী ছিলেন। এই ঘটনা একই
বিভাগের দুই শিক্ষক ও কয়েকজন ছাত্র কর্তৃপক্ষকে
জানান, শফিকুর রহমান ক্লাসে প্রধানমন্ত্রী সম্পর্কে কটুক্তি
করেছেন। পরে কর্তৃপক্ষ তাঁকে চার সপ্তাহের
বাধ্যতামূলক ছুটি দেয়। ঘটনা তদন্তের জন্য উপডিপাচার্য
অধ্যাপক আফম ইউসুফ হায়দারকে আহ্বায়ক করে
একটি তদন্ত কমিটি গঠন করা হয়। এ ব্যাপারে আফম
ইউসুফ হায়দার জানান, তদন্তের কাজ চপেছে। আগামী
২৭ জানুয়ারি তদন্ত কমিটির কাছে শফিকুর রহমান তাঁর
বক্তব্য উপস্থাপন করবেন বলে তিনি জানান। এদিকে
শফিকুর রহমান জানিয়েছেন, তিনি এ ব্যাপারে হাইকোর্টে
রিট করবেন। ব্যারিস্টার আশীর-উল ইসলামের মাধ্যমে
আজ শনিবার তিনি এই রিট করবেন বলে জানিয়েছেন।
এর আগে গত ৫ জানুয়ারি তিনি বিশ্ববিদ্যালয়ের
চ্যান্সেলর ও রিপ্রেজেন্টেটিভ বরাবরে আপীল করেছেন বলে
জানিয়েছেন।